গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস।
www.dmlc.gov.bd

নং-২৩.২২.০০০০.০১৮.১১.১৮২.২৪-১০৩

তারিখ: ২৩ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | প্রদর্শক (ক) জীববিজ্ঞান-০২টি পদ, (খ) রসায়ন-০২টি পদ, (গ) পদার্থ-০১টি পদ, | ০৫টি | ১৬,০০০-৩৮,৬৪০/- ১০ম গ্রেড | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নলিখিত পদের পার্শ্বে বর্ণিত বিষয়ে ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান:<br>(ক) প্রদর্শক(জীববিজ্ঞান)-উদ্ভিদ/প্রাণী বিজ্ঞান, (খ) প্রদর্শক(রসায়ন)-রসায়ন,<br>(গ) প্রদর্শক(পদার্থ)-পদার্থ |
| ২. | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ০২টি | বিএড প্রশিক্ষণ প্রাপ্ত ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০<br>বিএড প্রশিক্ষণ বিহীন ১২,৫০০-৩০,২৩০/- গ্রেড-১১ | (১) কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি (আই.টি.)/তথ্য যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/সমমান অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন- কম্পিউটার সায়েন্স ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি।<br>(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আই.সি.টি. বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট টেকনোলজি কোর্স ইন কম্পিউটার। |
| ৩. | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ০২টি | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিপিএড ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা। |
| ৪. | জুনিয়র শিক্ষক (শারীরিক শিক্ষা) | ০১টি | ১২,৫০০-৩০,২৩০/- গ্রেড-১১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিপিএড ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা। |
| ৫. | জুনিয়র শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা) | ০৫টি | ১২,৫০০-৩০,২৩০/- গ্রেড-১১ | ফাযিল/সমমান ডিগ্রি। |
| ৬. | জুনিয়র শিক্ষক | ৬৫টি | ১২,৫০০-৩০,২৩০/- গ্রেড-১১ | ন্যূনতম ২.২৫ সিজিপিএ সহ স্নাতক ডিগ্রি। |
| | মোট = | ৮০টি | | |

## শর্তাবলী

১। আবেদনের শেষ তারিখ **২৭ ফেব্রুয়ারি, ২০২৪** এবং প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। চাকরির আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স **২৭ ফেব্রুয়ারি, ২০২৪** তারিখে সর্বোচ্চ ৩০ বছর। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।

৩। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। একইভাবে শারীরিক প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় ভুক্ত হলে যথাক্রমে জেলা সমাজ সেবা অফিস ও জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ দাখিল করতে হবে।

৪। প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি বা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনে হুবহু সেভাবে লিখতে হবে।

৫। সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) ও জুনিয়র শিক্ষক (শারীরিক শিক্ষা) পদের যেকোন ১টি পদে আবেদন করা যাবে।

৬। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://job.shmrmi.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী https://job.shmrmi.gov.bd ও www.dmlc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত মোতাবেক লিখিত ও মৌখিক পরীক্ষার পূর্বে প্রিলিমিনারি পরীক্ষা নেয়া যেতে পারে।

৮। আবেদন ফি: ক্রমিক নং ১, ২ ও ৩ এর ক্ষেত্রে ৫০০ (পাঁচশত) টাকা এবং ক্রমিক নং ৪, ৫ ও ৬ এর ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা (চার্জ প্রযোজ্য)।

৯। আবেদনকারীর সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় ২.৫০ জিপিএ এবং স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর/সমমানের পরীক্ষায় ২.২৫ সিজিপিএ এর নিচে গ্রহণযোগ্য নয়।

১০। শিক্ষকগণের নিয়োগ হবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে। পরবর্তীতে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ, সন্তোষজনক চাকরি ও পুলিশ ভেরিফিকেশন তথ্যের ভিত্তিতে স্থায়ীকরণ করা হবে।

১১। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ পেনশন সুবিধা প্রাপ্য হবেন না। তবে, 'কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড'সহ সময় সময় প্রচলিত অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

১২। প্রজাতন্ত্রের কর্মে (সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান) অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীদের মধ্যে যোগ্যতা সম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

১৩। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

১৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের চূড়ান্ত নিয়োগের ক্ষেত্রে সরকারের জারিকৃত/প্রকাশিত সর্বশেষ আইন, বিধি-বিধান ও নির্দেশনা অনুসরণ করা হবে।

১৫। উক্ত চাকরি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বদলিযোগ্য হবে।

১৬। চূড়ান্তভাবে নির্বাচিত ও পেমেন্ট ভেরিফাইড প্রার্থীদের Online এর মাধ্যমে প্রদানকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নিয়োগ প্রদানের সুপারিশ করা হবে। পরবর্তীতে যে কোন সময়ে সুপারিশকৃত প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্রে ঘাটতি/অসঙ্গতি/ত্রুটি/জালিয়াতি ইত্যাদি পরিলক্ষিত হলে, উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**স্বাক্ষরিত/-**
০৬/০২/২০২৪
**মহাপরিচালক**
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।